

চাটখিলে অধ্যক্ষের বিরুদ্ধে অনিয়মের অভিযোগ

■ চাটখিল ও মোনাইফুজী (লোচাখালী) সংবাদদাতা

চাটখিল পাটগাঁও সরকারি মাহাবু
উদ্দিন কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ ড.
আ. ফ. ম. রুহুল আমিনের বিরুদ্ধে
কলেজের বিভিন্ন খাতে অর্থ আত্মসাৎ,
শিক্ষকদের সাথে অসদাচরণ, হয়রানি
ও লাক্ষিত করার অভিযোগ উঠেছে। এ
ঘটনায় কলেজ শিক্ষকদের মাধ্যমে চাপা
ক্ষোভ ও উত্তেজনা বিরাজ করছে।

কলেজের শিক্ষক মুক্তিযোদ্ধা মো.
গোলাম কিবরিয়া বলেন, আমি দীর্ঘ ২৪
বছর যাবৎ কলেজের রোডার স্টাফট
লিডার পদে দায়িত্ব পালন করে
আসছি। বাৎসরিক সম্মানি ভাতা ও
হাজার টাকা ভুলতে গেলে উৎকোচের
জন্য ভারপ্রাপ্ত অধ্যক্ষ নানা তালবাহান
করছে। গত ১২ ফেব্রুয়ারি ভাতার
আবেদনপত্রে স্বাক্ষর নিতে গেলে
অধ্যক্ষ অশালীন আচরণ ও লাক্ষিত
করে কক্ষ থেকে বের করে দেন। এ
দায়িত্ব থেকে অব্যাহতি দেয়া হয়।

কলেজের জীব বিজ্ঞানের প্রভাষক
শাহাদাত হোসেন, পদার্থ বিজ্ঞানের
প্রভাষক রাজিবসহ একাধিক শিক্ষক
জানান, তার অনিয়মের প্রতিবাদকারী
শিক্ষক কর্মচারীদের সার্ভিস বহিঃসঙ্গ
করে রাখায় কথায় এপিআর খারাণ
দেয়ার হুমকি দিয়ে দমিয়ে রাখেন।
কলেজের জীব বিজ্ঞান বিভাগের একটি
দায়ী ফ্রিজ, অফিসের টেলিভিশন ও
কম্পিউটার নিয়ে তার বাস ভবনে
ব্যবহার করছেন। কলেজের
শিক্ষার্থীদের সনদপত্র দিতে তিনি টাকা
আদায় করেন। আগামী এপ্রিল মাসে
অনুষ্ঠিতব্য উচ্চ মাধ্যমিকের ৮৯৮ জ
পরীক্ষার্থীর ফরম পূরণের সময় মডেল
টেষ্টের নামে ১ লাখ ৮০ হাজার টাকা
হাতিয়ে নেন।

কলেজ ছাত্রলীগের আহবায়ক
গোলাম কিবরিয়া কায়কোবাদ
ছাত্রলীগের নেতা জহির উদ্দিন পলাশ
ভারপ্রাপ্ত অধ্যক্ষের বিরুদ্ধে দুর্নীতির
অভিযোগ করেন।

ভারপ্রাপ্ত অধ্যক্ষ রুহুল আমিনের
সাথে যোগাযোগ করলে তিনি তার
বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ
অস্বীকার করেন।